

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর
সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/ঢাকা বিঃ/শৃংখলা-৫৭/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং


কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ রাসেল মাতুব্বর, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া উপজেলার পাটগাতী ইউনিয়নের পাটগাতী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে অর্পিত দায়িত্বে অবহেলা, গাফলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন।

যেহেতু, আপনার কর্মস্থল গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া উপজেলার পাটগাতী ইউনিয়নের পাটগাতী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে অর্পিত দায়িত্বে অবহেলা, গাফলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সিভিল সার্জন, গোপালগঞ্জ পত্র মারফত অবগত করেন যে, আপনি প্রায়ই অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। কর্মস্থলে হাজির থেকে যথাযথভাবে সরকারী দায়িত্ব পালনের জন্য স্থানীয় কর্তৃপক্ষ আপনাকে বহুবার লিখিত ও মৌখিকভাবে সতর্ক করার পরেও আপনার মধ্যে কোন পরিবর্তন লক্ষ করা যাচ্ছে না। সর্বশেষ আপনি গত ১৩/০২/২০১৭ ইং তারিখ হতে ১১/০৩/২০১৭ ইং তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন, যাহা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, টুংগীপাড়া এর স্মারক নং- উপঃ জেঃ স্বাঃ কমঃ/টুংগী/২০১৭/৩৪৮, তারিখঃ- ১৬/০৩/২০১৭ ইং মোতাবেক সিভিল সার্জন, গোপালগঞ্জ-কে অবহিত করেন। উহার প্রেক্ষিতে সিভিল সার্জন, গোপালগঞ্জ কার্যালয়ের স্মারক নং- সিএস/গোপ/২০১৭/১৯৯৫, তারিখঃ- ১২/০৪/২০১৭ ইং মোতাবেক আপনাকে স্ব-শরীরে সিভিল সার্জন, গোপালগঞ্জ কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা সত্ত্বেও আপনি হাজির হন নাই। যাহা উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্য, কর্তব্য-কাজে চরম অবহেলা ও অসদাচরণের সামিল। আপনার এহেন অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনা অনুমতিতে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিত থাকেন ; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য ;

সেহেতু, কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবেনা বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবেনা। এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর


ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/ঢাকা বিঃ/শৃংখলা-৫৭/২০১৬/ ৫৫৯/১(ন)

তারিখঃ ১৫/০৬/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, গোপালগঞ্জ।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুংগীপাড়া, গোপালগঞ্জ (অভিযুক্ত কর্মচারীর নিকট কারণ দর্শানো নোটিশের কপি পৌছানো এবং বেতন-ভাতা বন্ধ রাখার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টুংগীপাড়া, গোপালগঞ্জ।
৮. জনাব মোঃ রাসেল মাতুব্বর (সিএইচসিপি), পাটগাতী কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- পাটগাতী, উপজেলা- টুংগীপাড়া, জেলা- গোপালগঞ্জ।
৯. অফিস কপি।


(ডাঃ মাসুদ রেজা কবীর)
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।